গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
সংস্থাপন শাখা
www.joypurhat.gov.bd

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০০৮.০৬.০২১.২৩. ৯৭৫

তারিখ: ০৯ কার্তিক ১৪৩০ / ২৫ অক্টোবর ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ০৯/০৭/২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩৪.১৬-৮৯ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট এর সাধারণ প্রশাসনের অধীন প্রচলিত নিয়োগ বিধি অনুযায়ী নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত জয়পুরহাট জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম	পদ সংখ্যা	বেতনস্কেল	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১।	উপ-প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর)	০৩(তিন) টি	১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩)	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা; (গ) কম্পিউটার হার্ডওয়্যার সম্পর্কে বেসিক ধারণা; (ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দের গতি সম্পন্ন হতে হবে; এবং (ঙ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।
২।	কম্পিউটার অপারেটর	০১ (এক) টি	১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩)	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।
৩।	সহকারী প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর)	০১ (এক) টি	১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪)	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা; (গ) কম্পিউটার হার্ডওয়্যার সম্পর্কে বেসিক ধারণা; (ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ শব্দের গতি সম্পন্ন হতে হবে; এবং (ঙ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।
৪।	সার্টিফিকেট সহকারী	০৪(চার)টি	৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; (গ) স্প্রেডসিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা; এবং (ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।

শর্তাবলী:

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও জয়পুরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. জেলা প্রশাসক, জয়পুরহাট বরাবর আবেদন করতে হবে।
৩. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৪. বিভাগীয়/চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে লিখিত অনাপত্তি গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। উক্ত অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার সময় সাক্ষাতকার বোর্ডের নিকট দাখিল করতে হবে। বিভাগীয়/চাকরিরত প্রার্থীর আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

৫. লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।

খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র।

গ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদপত্র।

ঘ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি (যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অনলাইন জন্মনিবন্ধন সনদ) অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় চাকুরির জন্য আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৩১/০৮/২০২৩ তারিখের ৪৮.০০.০০০০.০০২.৯৯.০০৪.১৮.১৯ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website (www.molwa.gov.bd) তে প্রকাশিত সমন্বিত তালিকা ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর website (http://bffwt.gov.bd) তে বিদ্যমান টিআইএমএসএস এ প্রকাশিত নামই বৈধ/স্বীকৃত মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত হবে। এ ক্ষেত্রে মুক্তিযোদ্ধার জন্মতারিখ ৩০মে ১৯৫৯ অর্থাৎ ১৯৭১ সালে ৩০ নভেম্বর তারিখে ১২ বছর ০৬ মাস কিংবা তার পূর্বে হতে হবে।

(চ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে:

প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা	মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা	যে তালিকা বা গেজেটে মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ:	প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক (মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখ করতে হবে)	মুক্তিযোদ্ধার জন্ম তারিখ
				১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ: ২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখ: ৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ: ৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ:

ছ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক।

জ) প্রশিক্ষণের সনদপত্র।

ঝ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

ঞ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

৬. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র/কন্যা এই মর্মে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৭. মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশান সনদ দাখিল করতে হবে। কোনো মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য সংবলিত ওয়ারিশপত্র গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।

৮. লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১(এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সিলে সুস্পষ্ট নাম ও পদবি থাকতে হবে।

৯. প্রার্থীর বয়স ২৩/১১/২০২৩ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা একই তারিখে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১০. নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমাণক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড/বিভাগীয় নির্বাচনি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ে উক্ত সনদ সঠিক বলে প্রমাণিত হতে হবে।

১১. নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ দেয়া হবে না।

১২. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবেনা।

১৪. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা কম বা বেশি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী:

(ক) আগ্রহী প্রার্থীগণ http://dcjoypurhat.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০১/১১/২০২৩ তারিখ সকাল ১০.০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৩/১১/২০২৩ খ্রি. রাত ১১.৫৯ টা।

(iii) উক্ত সময়ের মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে যেকোনো Teletalk Pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। কাজেই Online-এ আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় আবেদন করতে পারবেন। উল্লেখ্য, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন।

Applicant's Copy-তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Pre-paid মোবাইল নম্বর হতে ০২(দুই)টি SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর কমিশন বাবদ ১০% হিসেবে ২০/-(বিশ) টাকা এবং উক্ত কমিশনের ১৫% ভ্যাট বাবদ ৩/-(তিন) টাকাসহ মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা (অফেরতযোগ্য) পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে জমা দেবেন। উল্লেখ্য, **Online**-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত **Online** আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

নিয়মাবলী:

প্রথম SMS: dcjoypurhat [space] User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example : dcjoypurhat[space]ABCDEF send to 16222
Reply: Applicant's Name Tk.223/- Will be charged as application fee, Your PIN 12345678. To pay fee Type dcjoypurhat [space] YES [space] PIN and send to 16222.

দ্বিতীয় SMS: dcjoypurhat [space] YES [space] PIN লিখে 16222 নম্বরে send করতে হবে।
Example: dcjoypurhat YES 12345678 send to 16222.
Reply: Congratulation Applicant's Name payment completed successfully for DCJOYPURHAT Application for xxxxxxxxxx USER ID is (ABCDEF) and password (xxxxxxxxxx).

(চ) SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

(ছ) SMS এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙিন প্রিন্ট করে নেবেন। প্রার্থীকে প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সংরক্ষণ ও সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঝ) প্রবেশপত্র সংগ্রহের বিষয়টি http://dcjoypurhat.teletalk.com.bd অথবা জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট এর www.joypurhat.gov.bd তথ্য বাতায়নে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জানানো হবে। শুধু Teletalk Pre-paid মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: dcjoypurhat[space]Help[space]User[space]User ID send to 16222.
Example: dcjoypuraht Help User ABCDEF & send to 16222.

(ii) PIN জানা থাকলে: dcjoypurhat[space]Help[space] PIN [space] PIN No & send to 16222.
Example: dcjoypurhat Help PIN 12345678 & Send to 16222.

(ঞ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে, যেকোনো টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল অথবা vas.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। টেলিটক কর্তৃপক্ষ এ সেবা প্রদান করবে।

২৫/১০/২০২৩
(সালেহীন তানভীর গাজী)
জেলা প্রশাসক
জয়পুরহাট
ফোন : ০২৫৮৯৯১৫০৫১
dcjoypurhat@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০০৮.০৬.০২১.২৩- ৩৭৫

তারিখ: ০৯ কার্তিক ১৪৩০
২৫ অক্টোবর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ও সভাপতি, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী।
০৫। পুলিশ সুপার, জয়পুরহাট।
০৬। সিভিল সার্জন, জয়পুরহাট।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট।
০৮। উপপরিচালক, স্থানীয় সরকার, জয়পুরহাট।
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জয়পুরহাট।
১০। মেয়র, জয়পুরহাট/পাঁচবিবি/কালাই/ক্ষেতলাল/আক্কেলপুর পৌরসভা, জয়পুরহাট।
১১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), জয়পুরহাট।
১২। উপজেলা নির্বাহী অফিসার,...(সকল), জয়পুরহাট।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১তলা), হোল্ডিং# ৩/এ, ৫/এ, ৭/এ রোড # ১৭, গুলশান-১, ঢাকা-১২১৭।
১৪। নেজারত ডেপুটি কালেক্টর, জয়পুরহাট।
১৫। জেলা তথ্য অফিসার, জয়পুরহাট। তাকে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, জয়পুরহাট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। ম্যানেজার/সম্পাদক, দৈনিক ইত্তেফাক, ৪০ কারওয়ান বাজার, ঢাকা-১২০৫। বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তি আগামী ৩১/১০/২০২৩ খ্রি. তারিখ শুধুমাত্র ০১(এক) দিনের জন্য ৪"×১০" আকারে পত্রিকার ভিতরের পাতায় (৯ ফন্টে) প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
১৮। ম্যানেজার/সম্পাদক, দৈনিক করতোয়া, চকযাদু রোড, বগুড়া। বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তি আগামী ৩১/১০/২০২৩ খ্রি. তারিখ শুধুমাত্র ০১(এক) দিনের জন্য ৪"×১০" আকারে পত্রিকার ভিতরের পাতায় (৯ ফন্টে) প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

২৫/১০/২০২৩
জেলা প্রশাসক
জয়পুরহাট